



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
হিসাব ও অর্থ বিভাগ
সদর দফতর, বিএইচবিএফসি ভবন
২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ক্রেডিট রেটিং কোম্পানী নিয়োগের লক্ষ্যে Expression of Interest (EOI) আহ্বান প্রসংগে

বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক সর্বশেষ প্রস্তুতকৃত তালিকায় অন্তর্ভুক্ত ক্রেডিট রেটিং কোম্পানীসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) এর ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ-বছরের ক্রেডিট রেটিং এর জন্য ০১ (এক)টি ক্রেডিট রেটিং কোম্পানীকে নিয়োগ দেয়া হবে।

তালিকাভুক্ত ক্রেডিট রেটিং কোম্পানী সমূহের মধ্যে আগ্রহী কোম্পানী সমূহকে প্রয়োজনীয় তথ্যাদি এবং ডকুমেন্টস্ যেমন, (১) বর্ণিত কাজ সম্পাদনের জন্য যোগ্যতার প্রমাণস্বরূপ সম্ভাব্য আবেদকারীদের অভিজ্ঞতা, সম্পদ, পেশাদার জনবল (যেমন- সিএ/সিএমএ/এসিসিএ/সিপিএ/সিএফএ সনদধারী) এবং সেবা প্রদানের সামর্থ্য (২) বাংলাদেশ ব্যাংক ও বিএসইসি এর অনুমতিপত্র ও আরজেএসসি-এর নিবন্ধন সনদ (৩) ই-টিন সনদ (৪) বিগত ৩(তিন) বছরে সরকারি/বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ক্রেডিট রেটিং কাজের অভিজ্ঞতার বিবরণ (প্রমাণপত্র দাখিল করতে হবে) ইত্যাদি সন্নিবেশ করে আগামী ২২.০৩.২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে শুধুমাত্র হিসাব ও অর্থ বিভাগ (৪র্থ তলা), বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০ বরাবর আগ্রহ পত্র (Expression of Interest) সীলগালা যুক্ত খামে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন আগ্রহ পত্র (EOI) গ্রহন/বাতিলের ক্ষমতা বিএইচবিএফসি সংরক্ষন করে।

মো: শফিকুল ইসলাম মিঞা
সহকারী মহাব্যবস্থাপক
হিসাব ও অর্থ বিভাগ
বিএইচবিএফসি, সদর দফতর
২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০